রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, ডিসেম্বর ২০, ২০২৫**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ পৌষ ১৪৩২/১৮ ডিসেম্বর ২০২৫

নং **১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৪১০**—গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে, বাংলাদেশ নির্বাচন কমিশন, জাতীয় সংসদ গঠন করিবার উদ্দেশ্যে প্রত্যেক নির্বাচনি এলাকা হইতে একজন সদস্য নির্বাচনের জন্য সময়সূচী ঘোষণা সম্বলিত ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ এ নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা হইল :

(১) গেজেটের ১৩৩০৫ পৃষ্ঠায় ২য় ও ৩য় লাইনে উল্লিখিত “সংবিধানের ১২৩ অনুচ্ছেদের অধীন” শব্দ, চিহ্নসমূহ বিলুপ্ত হইবে;

(২) গেজেটের ১৩৩০৫ পৃষ্ঠায় মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ এর বিপরীতে উল্লিখিত “২১—২৭ পৌষ ১৪৩২, ০৫—১১ জানুয়ারি ২০২৬, সোমবার—রবিবার” শব্দ, চিহ্নসমূহের পরিবর্তে “২১—২৫ পৌষ ১৪৩২, ০৫—০৯ জানুয়ারি ২০২৬, সোমবার—শুক্রবার” শব্দ, চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে;

(৩) গেজেটের ১৩৩০৬ পৃষ্ঠায় আপিল নিষ্পত্তির তারিখ এর বিপরীতে উল্লিখিত “২৮ পৌষ—০৪ মাঘ ১৪৩২, ১২—১৮ জানুয়ারি ২০২৬, সোমবার—রবিবার” শব্দ, চিহ্নসমূহের পরিবর্তে “২৬ পৌষ—০৪ মাঘ ১৪৩২, ১০—১৮ জানুয়ারি ২০২৬, শনিবার—রবিবার” শব্দ, চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০